দৈনিক ইত্তেফাক
তারিখ 01 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

# আজ এইচএসসি পরীক্ষা শুরু

ইত্তেফাক রিপোর্ট ।। আজ (সোমবার) দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯৪ সালের এইচ, এস, সি, পরীক্ষা শুরু হইতেছে। সারাদেশে ৭৫৩টি কেন্দ্রে মোট ৪ লক্ষ ৮ হাজার ৪৫ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশ নিবে। ঢাকা বোর্ডের অধীনে বিদেশের ৫টি কেন্দ্র সহ মোট ২১০টি কেন্দ্রে ১ লক্ষ ৩৯ হাজার ৯৫৭, কুমিল্লা বোর্ডের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আজ এইচ এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

অধীনে ১৮৩টি কেন্দ্রে ৯১ হাজার ২৪০, রাজশাহী বোর্ডের অধীনে ২০১টি কেন্দ্রে ৯৯ হাজার ৫৯৪ এবং যশোর বোর্ডের অধীনে ১৫৯ কেন্দ্রে ৭৭ হাজার ২৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে।

পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করা হইয়াছে। ঢাকা শহরের পরীক্ষা কেন্দ্রসমূহের ২শত গজের মধ্যে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্যদের চলাচল নিষিদ্ধ করা হইয়াছে। রাজশাহী বোর্ডের সকল কেন্দ্রে ৪শত গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকিবে। উল্লেখ্য, এই প্রথম বারের মত কম্পিউটার পদ্ধতিতে এইচ,এস,সি পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে।

রাজশাহী সংবাদদাতা জানান, রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত ২৯৫টি কলেজের মধ্যে ২০১-টিতে পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হইয়াছে। রাজশাহী মহানগরীতে কেন্দ্রের সংখ্যা ৯। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্র সমূহের চতুর্দিকে ২০০ গজের মধ্যে সব ধরনের সমাবেশ, মিছিল, অস্ত্রশস্ত্র বহন ও মাইকে প্রচার নিষিদ্ধ করা হইয়াছে।